**শেখ হাসিনার মূলনীতি**
**গ্রাম শহরের উন্নতি**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
www.lgd.gov.bd

নম্বর : ৪৬.০০.০০০০.০৬৩.২৭.০১৮.২৩- ১৭৯৫

তারিখ: ২১ অগ্রহায়ণ ১৪৩০ / ০৬ ডিসেম্বর ২০২৩

বিষয়: ফেনী জেলার ছাগলনাইয়া পৌরসভার নির্বাহী প্রকৌশলী (সাময়িক বরখাস্তকৃত) জনাব মোঃ হুমায়ুন কবির এর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ।

সূত্র : ১. ফেনী জেলার ছাগলনাইয়া পৌরসভা এর পত্র নং- ৩৭৪, তারিখ: ০৭ নভেম্বর ২০২৩
২. স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের স্মারক নং-৫৬; তারিখ: ১৬ নভেম্বর ২০২৩

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, জনাব মোঃ হুমায়ুন কবির ফেনী জেলার ছাগলনাইয়া পৌরসভার নির্বাহী প্রকৌশলী হিসেবে দায়িত্ব পালনকালে তাঁর স্বাক্ষরিত স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতায় 'ফেনী জেলার ছাগলনাইয়া পৌরসভা অবকাঠামো উন্নয়ন প্রকল্প' এর আওতায় ৩ (তিন) টি টেন্ডার প্যাকেজের মধ্যে ২ (দুই) প্যাকেজের Tender Security বাবদ বাজেয়াপ্তকৃত অর্থের ২ (দুই) টি চালান ফরম সঠিক না পাওয়া এবং বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা নং ০৮/২০২৩ রুজু করা হয়েছে।

২। উক্ত বিভাগীয় মামলার অভিযোগনামা ও অভিযোগ বিবরণী অভিযুক্ত কর্মকর্তার বর্তমান ও স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হয়েছে।

সংযুক্তি: অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর ছায়ালিপি।

০৬/১২/২০২৩

মোঃ আব্দুর রহমান
উপসচিব
ফোন: +৮৮০২৯৫১৪১৪২
ইমেইল: lgpaura1@lgd.gov.bd

মেয়র
ছাগলনাইয়া পৌরসভা
ফেনী

অনুলিপি:

৬. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮. যুগ্মসচিব (নগর উন্নয়ন-২ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৯. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১০. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
www.lgd.gov.bd

**শেখ হাসিনার মূলনীতি**
**গ্রাম শহরের উন্নতি**

নম্বর : ৪৬.০০.০০০০.০৬৩.২৭.০১৮.২৩- ১৭৮৯

তারিখ: ১৫ অগ্রহায়ণ ১৪৩০
৩০ নভেম্বর ২০২৩

**বিষয়: ফেনী জেলার ছাগলনাইয়া পৌরসভার নির্বাহী প্রকৌশলী জনাব মোঃ হুমায়ুন কবির এর বিরুদ্ধে বিভাগীয় মামলা (মামলা নং ০৮/২০২৩) রুজুকরণ।**

## অভিযোগনামা

যেহেতু, জনাব মোঃ হুমায়ুন কবির ফেনী জেলার ছাগলনাইয়া পৌরসভার নির্বাহী প্রকৌশলী হিসেবে দায়িত্ব পালনকালে স্থানীয় সরকার প্রকৌশলী অধিদপ্তরের আওতায় 'ফেনী জেলার ছাগলনাইয়া পৌরসভা অবকাঠামো উন্নয়ন প্রকল্প' এর আওতায় প্যাকেজ নং-FCIDP/CHHA:POU/2022-23/W-02 Tender ID No 824146, M/s. Basher & Brothers প্যাকেজ নং -FCIDP/CHHA:POU/2022-23/W-06 Tender ID NO.827151 M/s. Priya Enterprise এবং প্যাকেজ নং- FCIDP/CHHA:POU/2022-23/W-08 Tender ID NO.827152 M/s. Anisul Haque এর Tender Security বাজেয়াপ্তকৃত অর্থ চালানমূলে সরকারী কোষাগারে যথাসময়ে জমা প্রদান করেননি,

২। যেহেতু, আপনি বর্ণিত প্রকল্প পরিচালকের কার্যালয় হতে বার বার বলার পর আপনার স্বাক্ষরিত ৩ (তিন) টি চালান জমা প্রদান করলে উক্ত চালানগুলি Online Verify করলে দুইটি টেন্ডার আইডি নং ৮২৭১৫১ এর ১,৪০,০০০.০০/- (এক লক্ষ চল্লিশ হাজার) টাকা এবং টেন্ডার আইডি নং ৮২৭১৪৬ এর ৩,৫০,০০০.০০/- (তিন লক্ষ পঞ্চাশ হাজার) টাকার চালাল ফরম সঠিক পাওয়া যায়নি;

৩। যেহেতু, আপনি যথাযথ কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে প্রায় অফিসে অনুপস্থিত থাকেন;

৪। যেহেতু, আপনার উক্ত কার্যক্রমের ফলে ছাগলনাইয়া পৌরসভার কাজের স্বাভাবিক গতি ব্যাহত হয়েছে এবং

৫। যেহেতু, আপনার উক্তরূপ কার্যকলাপ পৌরসভার কর্মচারী চাকুরী বিধিমালা, ১৯৯২ এর বিধি ৪০ এর উপ-বিধি (ক), (খ), (চ) অনুযায়ী **'দায়িত্ব পালনে অবহেলা', 'অসদাচরণ'** ও **'আত্মসাৎ বা প্রতারণা'** এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ।

৬। সেহেতু, উপর্যুক্ত অপরাধে আপনাকে পৌরসভার কর্মচারী চাকুরী বিধিমালা, ১৯৯২ এর বিধি ৪০ এর উপ-বিধি (ক), (খ), (চ) অনুযায়ী **'দায়িত্ব পালনে অবহেলা', 'অসদাচরণ'** ও **'আত্মসাৎ বা প্রতারণা'** এর অভিযোগে অভিযুক্ত করা হলো। একই বিধিমালার বিধি ৪১ এর উপ-বিধি(১)(খ)(ই) অনুযায়ী অনুযায়ী কেন আপনাকে **'চাকুরি হতে অপসারণ'** গুরুদণ্ড আরোপ করা হবে না অথবা অন্য কোন উপযুক্ত দণ্ড প্রদান করা হবে না, তা উক্ত বিধিমালার বিধি ৪৪ এর উপ-বিধি (১)(খ) অনুযায়ী অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য বলা হলো। আত্মপক্ষ সমর্থনে আপনি ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণের ইচ্ছা পোষণ করেন কিনা, তাও নির্ধারিত সময়ের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হলো। যে অভিযোগ বিবরণীর উপর ভিত্তি করে এ অভিযোগনামা প্রণীত হয়েছে, তাও এসাথে সংযুক্ত করা হলো।

মুহম্মদ ইব্রাহিম
সচিব

বর্তমান ঠিকানা:

জনাব মোঃ হুমায়ুন কবির
পিতা: মৃত মোঃ ছায়েদুল হক
মাতা: মোসাম্মৎ জাকিয়া খাতুন
কলেজ রোড (মনসুর হার্ডএয়ার এর বাড়ী)
পশ্চিম ছাগলনাইয়া, ফেনী

স্থায়ী ঠিকানা:

জনাব মোঃ হুমায়ুন কবির
পিতা: মৃত মোঃ ছায়েদুল হক
মাতা: মোসাম্মৎ জাকিয়া খাতুন
গ্রাম- রামেশ্বরপুর, ডাকঘর- ছাপর শিরহাট
উপজেলা: কবির হাট, জেলা- নোয়াখালী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
www.lgd.gov.bd

# অভিযোগ বিবরণী

জনাব মোঃ হুমায়ুন কবির ফেনী জেলার ছাগলনাইয়া পৌরসভার নির্বাহী প্রকৌশলী হিসেবে দায়িত্ব পালনকালে স্থানীয় সরকার প্রকৌশলী অধিদপ্তরের আওতায় 'ফেনী জেলার ছাগলনাইয়া পৌরসভা অবকাঠামো উন্নয়ন প্রকল্প' এর আওতায় প্যাকেজ নং-FCIDP/CHHA:POU/2022-23/W-02 Tender ID No 824146, M/s. Basher & Brothers প্যাকেজ নং -FCIDP/CHHA:POU/2022-23/W-06 Tender ID NO.827151 M/s. Priya Enterprise এবং প্যাকেজ নং- FCIDP/CHHA:POU/2022-23/W-08 Tender ID NO.827152 M/s. Anisul Haque এর Tender Security বাজেয়াপ্তকৃত অর্থ চালানমূলে সরকারী কোষাগারে যথাসময়ে জমা প্রদান করেননি। বর্ণিত প্রকল্প পরিচালকের কার্যালয় হতে বার বার বলার পর তাঁর স্বাক্ষরিত ৩ (তিন) টি জমাকৃত চালান প্রেরণ করেন। উক্ত চালানগুলি Online Verify করলে ১,৫০,০০০.০০ টাকার চালান ফরমটি জমা সঠিক পাওয়া যায় কিন্তু অন্য দুইটি টেন্ডার আইডি নং ৮২৭১৫১ এর ১,৪০,০০০.০০/- (এক লক্ষ চল্লিশ হাজার) টাকা এবং টেন্ডার আইডি নং ৮২৭১৪৬ এর ৩,৫০,০০০.০০/- (তিন লক্ষ পঞ্চাশ হাজার) টাকার চালাল ফরম সঠিক পাওয়া যায়নি। এ জন্য উক্ত কর্মচারীর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য ছাগলনাইয়া পৌরসভা হতে স্থানীয় সরকার বিভাগকে অনুরোধ জানানো হয়েছে। তার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ নিম্নরূপ:

১। তিনি স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতায় 'ফেনী জেলার ছাগলনাইয়া পৌরসভা অবকাঠামো উন্নয়ন প্রকল্প' এর আওতায় ৩ (তিন) টি প্যাকেজের Tender Security বাজেয়াপ্তকৃত অর্থ চালানমূলে সরকারী কোষাগারে যথাসময়ে জমা প্রদান করেননি;

২। বর্ণিত প্রকল্প পরিচালকের কার্যালয় হতে বার বার বলার পর তাঁর স্বাক্ষরিত ৩ (তিন) টি চালান জমা প্রদান করা হলে উক্ত চালানগুলি Online Verify করলে দুইটি টেন্ডার আইডি নং ৮২৭১৫১ এর ১,৪০,০০০.০০/- (এক লক্ষ চল্লিশ হাজার) টাকা এবং টেন্ডার আইডি নং ৮২৭১৪৬ এর ৩,৫০,০০০.০০/- (তিন লক্ষ পঞ্চাশ হাজার) টাকার চালাল ফরম সঠিক পাওয়া যায়নি।

৩। তিনি প্রায় অফিসে উপস্থিত থাকেন না এবং সঠিকভাবে দায়িত্ব পালন করেন না;

৪। তার উক্ত কার্যক্রমের ফলে ছাগলনাইয়া পৌরসভার কাজের স্বাভাবিক গতি ব্যাহত হয়েছে এবং;

৫। তার উক্তরূপ কার্যকলাপ পৌরসভার কর্মচারী চাকুরী বিধিমালা, ১৯৯২ এর বিধি ৪০ এর উপ-বিধি (ক), (খ), (চ) অনুযায়ী **'দায়িত্ব পালনে অবহেলা', 'অসদাচরণ'** ও **'আত্মসাৎ বা প্রতারণা'** এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ।

মুহম্মদ ইবরাহিম
সচিব